দৈনিক বাংলা 012

তারিখ 18 MAR 1988
পৃষ্ঠা 5 কলাম 3

## নকল সরবরাহের দায়ে ২০ জন গ্রেফতার

# এসএসসি পরীক্ষা ঃ সংঘর্ষ গুলি ঃ ৪৮১ বহিষ্কৃত

(স্টাফ রিপোর্টার)

চারটি শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষার প্রথম দিনেই অসদুপায় অবলম্বনের জন্যে বিভিন্ন কেন্দ্র থেকে ৪৮১ জনের বহিষ্কারের খবর পাওয়া গেছে।

পরীক্ষা চলাকালে চুয়াডাঙ্গার মেমনগর কেন্দ্রে পুলিশ ও বহিরাগতদের মধ্যে দু দফা সংঘর্ষ হয়। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে টিয়ারগ্যাস নিক্ষেপ ও লাঠিচার্জ করে এবং এক পর্যায়ে ১১ রাউন্ড ফাঁকা গুলি ছোঁড়ে। সংঘর্ষে পাঁচজন পুলিশসহ ১০ জন আহত হয়েছে।

বিভিন্ন কেন্দ্রে নকল সরবরাহের অভিযোগে পুলিশ ২০ জনকে গ্রেফতার করেছে।

ঢাকা বোর্ড কন্ট্রোল রুম জানিয়েছে, এসএসসি পরীক্ষার প্রথম দিনে নকল করার দায়ে ধামরাই কেন্দ্রে ১২, মাদারীপুরে ১৭, মানিকগঞ্জে ৬, কোটালীপাড়ায় ৯, জামালপুরে ২, নান্দনায় ৩ জন সহ সর্বমোট ৪৯ জনকে বহিষ্কার করা হয়েছে।

**চুয়াডাঙ্গার ঘটনা**

চুয়াডাঙ্গা থেকে দৈনিক বাংলার সংবাদদাতা জানান, এসএসসি পরীক্ষার প্রথম দিন সকালে দামুড়হুদা উপজেলার দর্শনা মেমনগর হাই স্কুল কেন্দ্রে একদল বহিরাগত কেন্দ্রের চারপাশে ১৪৪ ধারা ভঙ্গ করলে পুলিশের সঙ্গে তাদের সংঘর্ষ হয়। পুলিশ বাহরাগতদের সরাতে লাঠিচার্জ ও টিয়ারগ্যাস নিক্ষেপ করে। এ সময় বহিরাগতরা পুলিশের প্রতি ইটপাটকেল

(৫-এর পৃঃ দ্রঃ)।



বৃহস্পতিবার এসএসসি পরীক্ষার প্রথম দিনে ঢাকার একটি পরীক্ষা কেন্দ্র —দৈনিক বাংলা

## এসএসসি পরীক্ষা

(প্রথম পৃঃ পর)

কেল নিক্ষেপ করে। এক পর্যায়ে পুলিশ ১১ রাউন্ড ফাঁকা গুলি ছোঁড়ে। সংঘর্ষে দু জন পুলিশ সহ ৬ জন আহত হয়েছে। নরুল ইসলাম নামে দর্শনা কলেজের একজন ডিগ্রীর ছাত্রকে গুলি বিদ্ধ অবস্থায় চুয়াডাঙ্গায় সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

অপরদিকে চুয়াডাঙ্গা সরকারী বালিকা বিদ্যালয় কেন্দ্রে একজন বহিরাগতের গ্রেফতারকে কেন্দ্র করে বহিরাগত ও পুলিশের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া চলে। এ সময় সমবায় বিপনী কেন্দ্রের এক জন দোকানী প্রহৃত হন। সংঘর্ষে ৩ জন পুলিশ আহত হয়েছে।

সংবাদদাতা আরও জানানঃ এসএসসি পরীক্ষার দ্বিতীয়ার্ধে চুয়াডাঙ্গা একাডেমী কেন্দ্রের আসবাবপত্র ভাংচুর হয়। ফলে আধা ঘন্টা পর বাংলা দ্বিতীয় পত্রের পরীক্ষা শুরু হয়।

পুলিশ নকল সরবরাহ ও আইন ভঙ্গের দায়ে ১১ জনকে গ্রেফতার করেছে। পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে এখানে ৩৩ জনকে বহিষ্কার করা হয়েছে।

**যশোর**

স্টাফ রিপোর্টার জানানঃ পরীক্ষায় অসদুপায় অবলম্বনের জন্যে বাঘারপাড়ায় ২৬, যশোরে ৪ মনিরামপুরে ২, বরিশালে ৪ ও বাগেরহাটে ৪ জন নিয়ে মোট ৪০ জনকে বহিষ্কার করা হয়েছে। যশোর শহর ও ঝিকরগাছা থেকে বিক্ষিপ্ত বোমাবাজির খবর পাওয়া গেছে।

**চট্টগ্রাম**

স্টাফ রিপোর্টার জানান, চট্টগ্রামে শান্তিপূর্ণভাবে এসএসসি পরীক্ষা শুরু হয়েছে। চট্টগ্রাম শহরের ৪টি কেন্দ্র ও ১৬টি উপ কেন্দ্রে মোট ৬ হাজার ৩শ ৪৬ জন পরীক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে। এর মধ্যে দুই হাজার ৭শ ৪৬ জন মহিলা।

অন্যান্য স্থান থেকে আমাদের সংবাদদাতারা জানানঃ এসএসসি পরীক্ষার প্রথম দিনে নকল করার জন্য কুমিল্লায় ৪২ জন, বগুড়ায় ১৪৪ জন, ভৈরবে ১২ জন, টাঙ্গাইলে ২৩ জন নারায়ণগঞ্জে ৯ জন, খুলনায় ৮ জন, পাবনায় ৯০ জন, বরগুনায় ২১ জন, গাজীপুরে ৯ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। পরীক্ষায় নকল সরবরাহের দায়ে কুমিল্লায় ৭ জন ও নারায়ণগঞ্জে ২ জনকে গ্রেফতার করা হয়েছে।